

সংবাদ বিজ্ঞপ্তি

সিএজি বাংলাদেশ ASOSAI গভর্নিং
বোর্ড এর সদস্য পদে পুনঃ নির্বাচিত


বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এশিয়ান সুপ্রীম অডিট ইনস্টিটিউশনমূহের (ASOSAI- Asian Organization of Supreme Audit Institutions) গভর্নিং বোর্ড এর সদস্য পদে পুনরায় নির্বাচিত হয়েছেন।

গত ৩ মার্চ ভারতের জয়পুরে ASOSAI এর দ্বাদশ সম্মেলনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। ২০১২-২০১৫ মেয়াদে গভর্নিং বোর্ড সদস্য পদে বাংলাদেশ দ্বিতীয় সর্বোচ্চ ভোট অর্জন করে। সম্মেলনে এশিয়া মহাদেশের ৪৫টি দেশের সুপ্রীম অডিট ইনস্টিটিউশনের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

প্রসঙ্গতঃ বাংলাদেশ ইতোপূর্বে ASOSAI এর অষ্টম, নবম এবং একাদশ সম্মেলনে গভর্নিং বোর্ড এর নির্বাচিত সদস্য হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করে।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল জনাব আহমেদ আতাউল হাকিম সম্মেলনে তিন সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

বার্তা প্রেরকঃ


(এস. এম. রেজা)
অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশা)
ফোন ৯৩৩১১৭১